

বাউবি/পরীক্ষা/এসএসসি/৪৭৮/২০১৩/১৬৯৫

 তারিখ : ১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
 ৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা ২০২৫-এ অংশগ্রহণের জন্য DeNovo রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

জনাব

আপনি অবগত আছেন যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা ২০২৪ এর ফলাফল প্রকাশিত হয়েছে। রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ ২০১৫, ২০১৭ এবং ২০১৮ ব্যাচের শিক্ষার্থী যারা এসএসসি পরীক্ষা ২০২৫-এ পুনঃপরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে DeNovo রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। তবে ২০১৭ এবং ২০১৫ ব্যাচের কোন শিক্ষার্থী ইতিপূর্বে DeNovo রেজিস্ট্রেশন সম্পন্ন করে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণপূর্বক অকৃতকার্য হলে বা অনুপস্থিত থাকলে তাকে কেবলমাত্র পুনঃপরীক্ষা ফি প্রদান করে আবেদন করতে হবে।


বাউবির সর্বশেষ DeNovo রেজিস্ট্রেশন নীতিমালা অনুযায়ী কেবলমাত্র ৫০% কোর্স সম্পন্নকারী শিক্ষার্থীগণ এ সুযোগ পাবেন। ২০১৮ ব্যাচের শিক্ষার্থীগণ DeNovo রেজিস্ট্রেশন সম্পন্ন করলে এসএসসি পরীক্ষা ২০২৫ এবং পরবর্তী দুটি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। একইভাবে ২০১৭ ব্যাচের শিক্ষার্থীগণ এসএসসি পরীক্ষা ২০২৫ সহ পরবর্তী বছরের পরীক্ষা এবং ২০১৫ ব্যাচের শিক্ষার্থীগণ DeNovo রেজিস্ট্রেশন সম্পন্ন করলে এসএসসি পরীক্ষা ২০২৫-এ অংশগ্রহণের সর্বশেষ সুযোগ পাবেন।

আগামী ০৫ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে exam.bou.ac.bd লিংকের এর মাধ্যমে নির্ধারিত ফি প্রদান করে DeNovo রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।

প্রফেসর ড. সাবিনা ইয়াসমিন
 পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
 বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়



অবগতি ও কার্যার্থে অনুলিপি :

০১. ডীন, ওপেন স্কুল, বাউবি।
০২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
০৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি - পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হ'ল।
০৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫. উপ-পরিচালক, উপ-উপাচার্য (শিক্ষা) এর দপ্তর, বাউবি (উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬. সংরক্ষণ নথি।